# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
# বিভাগীয় কার্যালয়, রংপুর

## সিটিজেন চার্টার

**১। লক্ষ্যঃ**

দেশের সীমিত ভূমি ও মৃত্তিকা সম্পদের যুক্তিযুক্ত ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণ এবং মৃত্তিকা পরিবেশ সুরক্ষা।

**২। উদ্দেশ্যঃ**

- মৃত্তিকা ও ভূমি সম্পদের ইনভেন্টরি তৈরী।
- ভূমি ও মৃত্তিকা সম্পদের সক্ষমতাভিত্তিক শ্রেণীবিন্যাসকরণ।
- প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য নির্দেশিকা প্রণয়ন।
- সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা।
- শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা।

**৩. মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর কার্যাবলী:**

### ভূমি ও মৃত্তিকা সম্পদের বৈশিষ্ট্যায়নঃ

• আধা বিস্তারিত মৃত্তিকা জরিপের মাধ্যমে উপজেলা ভিত্তিক ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা প্রণয়ন ও হালনাগাদকরণ।
• ইউনিয়ন ভিত্তিক ভূমি, মৃত্তিকা এবং সার সুপারিশ সহায়িকা প্রণয়ন।
• বিভিন্ন উপকারভোগী সংস্থার উন্নয়ন প্রকল্প এলাকা এবং সরকারী ও বেসরকারী কৃষি খামারের বিস্তারিত/আধাবিস্তারিত মৃত্তিকা জরিপ করে মানচিত্রসহ প্রতিবেদন প্রণয়ন।

### কৃষক সেবাঃ

• ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) মাধ্যমে সরেজমিনে কৃষকের মাটি পরীক্ষা করে সুষম সার সুপারিশ।
• টেকসই মৃত্তিকা ও ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মধ্যে মৃত্তিকা সার সুপারিশ কার্ডবিতরণ।
• অনলাইন (**www.frs-bd.com**) এর মাধ্যমে কৃষককে তাৎক্ষণিকভাবে সার সুপারিশ কার্ড প্রদান।
• মৃত্তিকা ও ভূমি বিষয়ক যেকোন প্রকার পরামর্শ প্রদান।

### সার নমুনা বিশ্লেষণঃ

• সারের গুণগতমান নিয়ন্ত্রনের লক্ষ্যে রাসায়নিক ও জৈব সারের নমুনা বিশ্লেষণ।
• সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের জন্য সহজ পদ্ধতি উদ্ভাবন ও উন্নয়ন।

**মৃত্তিকার নমুনা বিশ্লেষণঃ**

- স্থায়ী গবেষণাগারে মাটির নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ।

**প্রশিক্ষণ সেবাঃ**

- উপজেলা ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশকার উপর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও উপ সহকারী কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান।
- কৃষির সাথে সম্পর্কিত সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মীদেরকে ভূমি ও মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি; সুষম সার ব্যবহার এবং মাটি, পানি ও সার ব্যবস্থাপনা বিষয়ক কৃষক প্রশিক্ষণ।
- সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণ বিষয়ে উপজেলা পর্যায়ের কৃষি কর্মকর্তা, সার ডিলার ও কৃষকদেরকে প্রশিক্ষণ প্রদান।

**প্রযুক্তি হস্তান্তরঃ**

- মৃত্তিকা পরীক্ষা ভিত্তিক সুষম সার ব্যবহার প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ব্লক প্রদর্শনী।
- প্রযুক্তি বিস্তারের লক্ষ্যে ডকুমেন্টরী ফিল্ম, লিফলেট, পুস্তিকা, ফেস্টুন ও পোস্টার প্রকাশ।
- সয়েল মিউজিয়াম এর মাধ্যমে মৃত্তিকা তথ্য সংরক্ষণ ও প্রদর্শনী।

**অন্যান্য সেবাসমূহঃ**

- স্বল্প ও দীর্ঘমেয়াদী কৃষি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য মৃত্তিকা/ভূমি/শস্য উপযোগিতার উপাত্ত প্রদানের মাধ্যমে সেবা প্রদান।
- স্থানীয়, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে ভূমি ব্যবহার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও সমন্বয় সাধন।
- সেচ, নিষ্কাশন এবং মৃত্তিকা পুনরুদ্ধার বিষয়ক প্রকল্প পরিকল্পনায় মৃত্তিকা উপাত্ত সংগ্রহ।

## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট থেকে যে সকল সেবা পাওয়া যাবে তা নিম্নরূপঃ

| দায়িত্বাবলী | সেবা গ্রহণকারী | প্রার্থীত সেবা পাওয়ার সর্বোচ্চ সময়সীমা |
|---|---|---|
| মৃত্তিকা জরিপ-লব্ধ তথ্য-উপাত্ত এবং মৃত্তিকা ও ভূমি ব্যবহার সম্পর্কিত বিভিন্ন মানচিত্র সরবরাহ। | কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/সরকারী বেসরকারী কৃষি খামার/ গবেষণা প্রতিষ্ঠান/ গবেষক/ শিক্ষাবিদ/ পরিকল্পনাবিদ/শিক্ষিত কৃষক। | ব্যক্তি বা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী  ৩ দিন থেকে ১০ দিন। |
| মৃত্তিকা উর্বরতা বিষয়ক তথ্য সরবরাহ। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ গবেষণা প্রতিষ্ঠান/ এনজিও/ গবেষক/ সম্প্রসারণ কর্মী। | চাহিদা প্রাপ্তির পর ২ দিন। |
| মৃত্তিকা পরীক্ষা ফলাফল ও উপজেলা নির্দেশিকার তথ্যের ভিত্তিতে ফসলের সার সুপারিশ প্রদান। | কৃষক, কৃষি কর্মী ও খামার মালিক। | চাহিদা প্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে। |
| স্থানীয় পর্যায়ে কৃষি সম্প্রসারণ, কৃষি গবেষণা ও কৃষি উন্নয়ন কর্মকান্ডে জড়িত বিভিন্ন সংস্থাকে মৃত্তিকা মানচিত্র, উপাত্ত, নির্দেশিকা ও সহায়িকা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ গবেষণা প্রতিষ্ঠান/ এনজিও/ গবেষক/ সম্প্রসারণ কর্মী/ কৃষক। | প্রাপ্যতা সাপেক্ষে চাহিদা প্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে। |

| | | |
|---|---|---|
| সরবরাহ এবং পরামর্শমূলক সেবা প্রদান। | | |
| প্রাকৃতিক দূর্যোগজনিত ক্ষয়ক্ষতি নিরূপন করে ক্ষতিগ্রস্থ এলাকার মানচিত্রসহ প্রতিবেদন প্রণয়ন ও সরবরাহ করে জাতীয় ও স্থানীয় পর্যায়ে কৃষি পুনর্বাসনে সহায়তা প্রদান। | কৃষি মন্ত্রণালয়/ স্থানীয় প্রশাসন/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। | চাহিদা প্রাপ্তির পর ১৫ দিন। |
| উপজেলা ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা ও ইউনিয়ন সহায়িকা সরবরাহ। | সম্প্রসারণ কর্মী /শিক্ষিত কৃষক/ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ এনজিও/ গবেষক/ শিক্ষাবিদ/ছাত্র। | প্রাপ্যতা সাপেক্ষে চাহিদা প্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে। |
| **প্রশিক্ষণ কার্যক্রম:**<br>(ক) বিভিন্ন মেয়াদে সম্প্রসারণ কর্মী ও কৃষক প্রশিক্ষণ।<br>(খ)কৃষি উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিজ্ঞানী ও সম্প্রসারণ কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান। | সম্প্রসারণ কর্মী ও কৃষক।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/এনএআরএস প্রতিষ্ঠান/ এনজিও। | চাহিদা অনুযায়ী ও অর্থের বরাদ্দ প্রাপ্যতা সাপেক্ষে।<br>চাহিদা অনুযায়ী ও অর্থের বরাদ্দ প্রাপ্যতা সাপেক্ষে। |
| **কৃষক সেবা:**<br>(ক) ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের মাধ্যমে মাটির নমুনা বিশ্লেষণ করে ফসল/ফসল বিন্যাস ভিত্তিক সার সুপারিশ প্রদান।<br>(খ) উপজেলা নির্দেশিকার তথ্য ব্যবহার করে সার সুপারিশ কার্ড প্রদান।<br>(গ) স্থায়ী গবেষণাগারে মাটির নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান। | কৃষক।<br>কৃষক।<br>কৃষক। | ৩ দিন।<br>১০ কর্মদিবস।<br>১০ দিন। |
| গুণগতমান নির্ধারণে (খাঁটি/ভেজাল) সারের নমুনা বিশ্লেষণ। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/কাষ্টম্স/পুলিশ প্রশাসন/ বিএআরসি/বেসরকারী আমদানীকারক/এনজিও সহ বিভিন্ন প্রত্যাশী সংস্থা/ব্যক্তি। | অনুরোধ প্রাপ্তির পর ৫-১০ কর্মদিবস। |
| অনলাইন সার সুপারিশ (**www.frs-bd.com** এর মাধ্যমে) | কৃষক /কৃষি কর্মী/খামার মালিক। | অনুরোধ প্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে। |

## মাটি এবং সারের নমুনা বিশ্লেষণ ফিঃ

| ক্রমিক নং | মাটির উপদান | পরীক্ষাগারের ধরন | কৃষকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত প্রতিটি নমুনার বিশ্লেষণ ফি (টাকা) | সরকারী/ আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি (টাকা) | বেসরকারী প্রতিষ্ঠানের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি (টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | P, K, S ও pH | ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার | ২৫.০০ | - | - |
| ০২ | pH, OM, N, P, K, S, B, Zn এবং Mg | স্থায়ী গবেষণাগার | ৬৩.০০ | ৬০৫.০০ | ১২১০.০০ |

**সারের নমুনা বিশ্লেষণ ফিঃ**

| ক্রমিক নং | সারের নাম | সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিটি নমুনার বিশ্লেষণ ফি (সরকার নির্ধারিত টাকা) | বেসরকারী প্রতিষ্ঠান/ ব্যক্তির ক্ষেত্রে প্রতিটি নমুনার বিশ্লেষণ ফি (সরকার নির্ধারিত টাকা) |
|---|---|---|---|
| ১. | ইউরিয়া | ১০০.০০ | ৫০০.০০ |
| ২. | টিএসপি | ৫০০.০০ | ১,০০০.০০ |
| ৩. | ডিএপি | ৬০০.০০ | ১,৫০০.০০ |
| ৪. | এমওপি | ২০০.০০ | ৪০০.০০ |
| ৫. | বোরণ | ২০০.০০ | ৪০০.০০ |
| ৬. | জিংক সালফেট (মনো/হেপ্টা) | ৪০০.০০ | ৮০০.০০ |
| ৭. | চিলেটেড জিংক | ২০০.০০ | ৪০০.০০ |
| ৮. | ম্যাগনেসিয়াম সালফেট | ৪০০.০০ | ৮০০.০০ |
| ৯. | পটাশিয়াম সালফেট | ৪০০.০০ | ৮০০.০০ |
| ১০. | জিপসাম | ৪০০.০০ | ৮০০.০০ |
| ১১. | মিশ্রসার | ৭৫০.০০ | ১,৮০০.০০ |
| ১২. | অ্যামোনিয়াম সালফেট | ৩০০.০০ | ৯০০.০০ |
| ১৩. | জৈব সার | ২,২২৫.০০ | ৪,৪৫০.০০ |
| ১৪. | ডলোমাইট লাইম (ডলোচুন) | ৪০০.০০ | ৮০০.০০ |

* নমুনা প্রাপ্তির পর ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ফলাফল প্রদান করা হয়।

* বেসরকারী প্রতিষ্ঠান/ব্যক্তির ক্ষেত্রে প্রতিটি সার নমুনা বিশ্লেষণ বাবদ সরকার নির্ধারিত উল্লিখিত টাকা অগ্রিম প্রদান করতে হবে।

**তথ্য অধিকার আইন ২০০৯ এর ১০ ধারা মোতাবেক মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুরের**

| দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম | বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম | আপীল কর্তৃপক্ষের নাম |
|---|---|---|
| মোছাঃ আরিফুন্নাহার<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বিভাগীয় কার্যালয়, রংপুর<br>ফোন: ০২৫৮৮৮১০৬৬১ | মোঃ ইব্রাহীম হোসেন<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বিভাগীয় কার্যালয়, রংপুর<br>ফোন: ০২৫৮৮৮১০৬৬১ | ড. বেগম সামিয়া সুলতানা<br>মহাপরিচালক<br>প্রধান কার্যালয়, ঢাকা<br>ফোন: ০২-২২২২৪২২২১ |

## অভিযোগের প্রতিকার ও সময়সীমা

উপকারভোগী ব্যক্তি/সংস্থার অভিযোগের প্রতিকারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয়। সকল অভিযোগের প্রাপ্তি স্বীকার করে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অফিসের সাথে আলোচনা করে অভিযোগের নিষ্পত্তি করা হয়।